# দিনাজপুর বোর্ড-২০১৪

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

#### ক বিভাগ-গদ্য

১.▶ শহরের অধিবাসী শামীম সাহেব গ্রামের নির্জন পরিবেশে ছায়ায় বসে ছবি আঁকেন। শান্ত-সবুজ পরিবেশে গ্রামীণ প্রকৃতির ছবি আঁকতে তিনি ভালোবাসেন। গ্রামের ছেলে তমাল তার কাছে জানতে চায় যে, কেন তিনি ছবি আঁকেন? শামীম সাহেব মৃদু হেসে জবাব দিলেন, 'ছবি আঁকতে আমার ভালো লাগে তাই আঁকি।'

ক. 'শিল্পকলার নানা দিক' প্রবন্ধের লেখকের নাম কী? ১

খ. 'নন্দনতত্ত্ব' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'শিল্পকলার নানা দিক'— প্রবন্ধের যে দিকটির পরিচয় মিলে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের শামীম সাহেবের জবাবটিতে 'শিল্পকলার নানা দিক' প্রবন্ধের মূল সত্যটি নিহিত।'— বিশ্লেষণ কর। ৪

২.▶ ওরে নবীন ওরে আমার কাঁচা
ওরে সবুজ, ওরে অবুঝ,
আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা
রক্ত আলোর মদে মাতাল ভোরে
আজকে যে যা বলে বলুক তোরে,
সকল তর্ক হেলায় তুচ্ছ করে
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা।
আয় দুরন্ত, আয় রে আমার কাঁচা॥

ক. কাজী নজরুল ইসলাম কত বছর বয়সে কঠিন রোগে আক্রান্ত হন? ১

খ. 'দেহ ও মন পাষাণময়' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের আধ-মরাদের সাথে 'বাঙালির বাংলা' প্রবন্ধের কাদের মিল খুঁজে পাওয়া যায়— ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে 'বাঙালির বাংলা' প্রবন্ধের বক্তব্যই উপস্থাপিত হয়েছে"— উক্তিটির সত্যতা নির্ধারণ কর। ৪

৩.▶ গফুরের প্রিয় গরু মহেশ। মহেশকে সে সন্তানের মতো ভালবাসত, সে প্রায় সময় মহেশের সাথে কথা বলত। নিজে না খেয়ে মহেশকে খাওয়াতো। মহেশ আজ বেঁচে নেই কিন্তু গফুর তাকে ভুলতে পারেনি।

ক. কার আদেশে লেখক দেওঘরে এসেছিলেন? ১

খ. মালি-বৌ অতিথিকে তাড়িয়ে দিত কেন? ২

গ. উদ্দীপকে 'অতিথির স্মৃতি' গল্পের যে দিকটি বিদ্যমান তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'অতিথির স্মৃতি' গল্পের খণ্ডিত চিত্র প্রকাশ পেয়েছে।— উক্তিটি 'অতিথির স্মৃতি' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

#### খ বিভাগ-কবিতা

৪.▶ আমাদের ছোটো গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।
মাঠ ভরা ধান আর জল ভরা দিঘি,
চাঁদের কিরণ লেগে করে ঝিকিমিকি।
আমগাছ জামগাছ বাঁশ ঝাড় যেন,
মিলেমিশে আছে ওরা আত্মীয় হেন।

ক. সাদা সাদা বক কনেরা কী রচে? ১

খ. 'মার আঁচলের পরশ' সকল অভাব ঘোচে কীভাবে? ২

গ. উদ্দীপকের সাথে 'দেশ' কবিতার সম্পর্ক নিরূপণ কর। ৩

ঘ. কবিতাংশে 'দেশ' কবিতার সামগ্রিক ভাব ফুটে উঠেছে কি? বিশ্লেষণ কর। ৪

৫.▶ আজকে সকালে এই গ্রাম দেখে পলক পড়ে না চোখে
নদীর কিনারে, ঘন বনের ধারে অমাবস্যার দিঘির পাড়ে,
আম জাম কাঁঠালের মিনারে মিনারে,
ধান ক্ষেত ঘেরা সীমানাহীন মাঠে মাঠে
এই সব ছোট ছোট গ্রাম,
আমার দেশের নাম খোদা তার সোনার ফলকে
আমার সোনার দেশ
সোনা হলো এই সব গ্রামে গ্রামে।

ক. লক্ষ্মী পেঁচা কোথায় ডাকছে? ১

খ. 'খইয়ের ধান' শিশু উঠানে ছড়ায় কেন? ২

গ. কবিতাংশে বর্ণিত 'আবার আসিব ফিরে' কবিতার আলোকিত দিকটি চিহ্নিত কর। ৩

ঘ. 'উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতাটির মুখ্য বিষয় প্রকাশ পেয়েছে'।— বিশ্লেষণ কর। ৪

৬.▶ শুনহ, মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই।

ক. লালন শাহ কী ধরনের কবি? ১

খ. কবি মানুষকে জাত-ধর্ম নিয়ে বাড়াবাড়ি করতে নিষেধ করেছেন কেন? ২

গ. উদ্দীপকে 'মানবধর্ম' কবিতার যে দিক ফুটে উঠেছে, তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'উদ্দীপকে ফুটে উঠা দিকটিতে মানবধর্ম' কবিতার সম্পূর্ণ বিষয় প্রকাশ পায়নি।'— বিশ্লেষণ কর। ৪

#### গ বিভাগ-আনন্দ পাঠ

৭.▶ ডিসকভারি চ্যানেলে দেখানো হলো, পর্বতারোহী বন্ধু সমেত পর্বতের চূড়ায় উঠেছে। বন্ধুরা ইতিপূর্বে পৃথিবীর বিভিন্ন পর্বতে আরোহণ করেছেন। এদের মধ্যে জন অপেক্ষাকৃত নতুন পর্বতারোহী। বাবা-মার ইচ্ছার বিরুদ্ধে সে পর্বতারোহণের জন্য এসেছে। হঠাৎ তুষার ঝড়ে জন তার দুই বন্ধু থেকে বিচ্ছিন্ন হয়ে পাদদেশের বনভূমিতে পতিত হয়। জ্ঞান ফেরার পর জন দেখতে পায়, সে জনমানবহীন এক বনে পড়ে আছে।

ক. নির্জন দ্বীপে রবিনসনের কত বছর কেটে গেল? ১

খ. রবিনসন মুর ছেলেটিকে ধাক্কা মেরে সমুদ্রে ফেলে দিল কেন? ২

গ. উদ্দীপকের জনের কোন দিকটি 'রবিনসন ক্রুশো' গল্পের অনুরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে 'রবিনসন ক্রুশো' গল্পের খণ্ডিত চিত্র প্রকাশিত হয়েছে।'— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৮.▶ শারমিনের বিয়ের বছর দু'য়েক পর স্বামী রহমান চলে যান বিদেশে। স্বামী বিদেশ যাবার কয়েক মাসের মাথায় শারমিন একটি কন্যা সন্তান জন্ম দেন। স্বামীকে কন্যা সন্তান জন্মের কথা জানালে বিমর্ষ হন রহমান। তার আশা ছিল পুত্র সন্তানের। বেশ কয়েক বছর বিদেশ থাকার পর দেশে ফিরে আসেন রহমান। স্বচক্ষে নিজ কন্যা সন্তান দেখার পর সব দুঃখ-বেদনা ভুলে যান।

ক. কে পাখির বাসায় বড় হতে লাগল? ১

খ. সোহরাব রোস্তমকে 'কা-পুরুষ' বলল কেন? ২

গ. উদ্দীপকটি 'সোহরাব রোস্তম' গল্পের কোন দিকটিকে নির্দেশ করে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের রহমানের মতো রোস্তমকে সন্তান জন্মের সত্য ঘটনা জানানো হলে 'সোহরাব রোস্তম' গল্পের পরিণতি ভিন্ন হতো।'— বিশ্লেষণ কর। ৪

৯.▶ নদী ভাঙনের ভয়ে আট মাসের গাভিন গাইটা সৎভাই সাহেদের বাড়ি রেখে যায় বিধবা জামিলা। কিন্তু ঘর সামলে গরু নিতে গেলে সাহেদ বলে, "বিক্রি করা গরু ফেরত চাও কেন বুবু?" কথাটা শুনে জামিলার মাথায় যেন আকাশ ভেঙে পড়ল। তবুও লোকে হাসবে ভেবে কেবল চোখ মুছতে মুছতে ভাইয়ের বাড়ি থেকে বের হয়ে ঘরের দিকে রওনা হলো।

ক. 'কিশোর কাজি' গল্প কী অবলম্বনে রচিত? ১

খ. বড় হলে কিশোরকে কাজির পদ দেওয়া হলো কেন? ২

গ. উদ্দীপকের সাহেদের সাথে 'কিশোর কাজি' গল্পের নাজিমের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকের জামিলা কি 'কিশোর কাজি' গল্পের আলী কোজাই? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com
http://teachingbd.com

# দিনাজপুর বোর্ড-২০১৪

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　**বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা**　　বিষয় কোড: ১০১

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বৃত্তটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. 'বর' শব্দের অর্থ কী?**
(ক) বিশাল　(খ) বৃষ্টি
(গ) আশীর্বাদ　(ঘ) বাদল

**২. কাজী নজরুল ইসলাম কত সালে মৃত্যুবরণ করেন?**
(ক) ১৯৭৬　(খ) ১৯৭৫
(গ) ১৯৭৪　(ঘ) ১৯৭৩

**৩. নিচের কোনটি পরাশর ডাক্তারের ক্ষেত্রে প্রযোজ্য?**
(ক) সাহসী ও ন্যায়পরায়ণ　(খ) বুদ্ধিমান ও আধুনিক
(গ) জ্ঞানী ও সৎ　(ঘ) নম্র ও বিনয়ী

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মহাত্মা গান্ধী ভারতের স্বাধীনতাকামী নেতা। তিনি ভারতের জনসাধারণকে স্বাধীনতার জন্য উজ্জীবিত করেন। তাঁর নেতৃত্বে ভারত স্বাধীনতা লাভ করে।

**৪. উদ্দীপকের মহাত্মা গান্ধীর সাথে সাদৃশ্য রয়েছে কার?**
(ক) তাজউদ্দিনের
(খ) সৈয়দ নজরুল ইসলামের
(গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
(ঘ) এম মনসুর আলীর

**৫. উদ্দীপকের মহাত্মা গান্ধীর মতো বঙ্গবন্ধুর কোন গুণটির জন্য বাংলার মানুষ তাকে বিশেষভাবে মনে রাখবে?**
(ক) ন্যায়পরায়ণতার
(খ) সততার
(গ) স্বাধীনতাকামী মানসিকতার
(ঘ) নির্লোভ মানসিকতার

**৬. 'বড়দিদি' উপন্যাস কোন পত্রিকায় প্রকাশিত হয়?**
(ক) সবুজপত্র　(খ) মৌচাক
(গ) ভারতী　(ঘ) প্রগতি

**৭. 'শোন' কিসের নাম?**
(ক) নদীর　(খ) সাগরের
(গ) পাহাড়ের　(ঘ) গ্রামের

**৮. শিশুরা ছবি আঁকে—**
(ক) কল্পনা—বাস্তব মিলিয়ে　(খ) ইতিহাস—ঐতিহ্য বুঝে
(গ) বিন্দু—রেখার সমন্বয়ে　(ঘ) দেখা—শেখার মাধ্যমে

**৯. 'দেশ' কবিতা পাঠ করে শিক্ষার্থীরা কোনটিকে ভালবাসতে শিখবে?**
(ক) প্রকৃতিকে　(খ) মানুষকে
(গ) জীবজন্তুকে　(ঘ) কবিকে

**১০. হৃদয় থেকে জেগে ওঠা ভাবনা হৃদয়েই থেকে যায় কেন?**
(ক) বাধা প্রাপ্তিতে　(খ) উপেক্ষা করায়
(গ) সংশয়ের কারণে　(ঘ) বিষাদগ্রস্ততার জন্যে

**১১. সহসা শ্বাস ফেলে গেল কে?**
(ক) বাতাস　(খ) ঝড়
(গ) ফল　(ঘ) শাখা

**১২. 'নদীর স্বপ্ন' কবিতা পাঠে কিসের প্রসার ঘটবে?**
(ক) সৃজনশীল শক্তির　(খ) বাকশক্তির
(গ) কল্পনাশক্তির　(ঘ) মেধাশক্তির

**১৩. 'একাত্তরের ডাইরি' গ্রন্থটি কার লেখা?**
(ক) কবি সুফিয়া কামাল　(খ) কাজী নজরুল ইসলাম
(গ) জসীম উদ্দীন　(ঘ) কামিনী রায়

**১৪. সোনার মোহর কীসের ভিতরে ছিল?**
(ক) বাক্সের　(খ) গ্লাসের
(গ) পাতিলের　(ঘ) কলসির

**১৫. গিনি উপকূলে রবিনসন গেল—**
i. পুঁতির মালার ব্যবসা করতে
ii. প্লাস্টিকের খেলনার ব্যবসা করতে
iii. ফুলের মালার ব্যবসা করতে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i　(খ) ii
(গ) i ও ii　(ঘ) i, ii ও iii

**১৬. পাইক্যা চলে কোন দেশে?**
(ক) ইরানে　(খ) মিয়ানমারে
(গ) ভারতে　(ঘ) নেপালে

**১৭. কাজী নজরুল ইসলামের দৃষ্টিতে রমণীর স্বরূপ হলো—**
i. বিজয়—লক্ষ্মী
ii. প্রেরণা—দাত্রী
iii. ত্যাগে—মহীয়ান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i　(খ) ii
(গ) i ও ii　(ঘ) i, ii ও iii

**১৮. বাংলা সন গণনা প্রথম চালু করেন কে?**
(ক) সম্রাট আকবর　(খ) সম্রাট বাবর
(গ) সম্রাট জাহাঙ্গীর　(ঘ) সম্রাট হুমায়ুন

**১৯. 'পদ্মা-মেঘনা-যমুনা তোমার আমার ঠিকানা'— এ স্লোগানটি বাংলার কোন আন্দোলনের সাথে সম্পর্কিত?**
(ক) রাষ্ট্রভাষা　(খ) অসহযোগ
(গ) ছয় দফা　(ঘ) গণঅভ্যুত্থান

**২০. কোন সংবাদ শুনে রোস্তম বিমর্ষ হলেন?**
(ক) স্ত্রীর অসুস্থতার　(খ) জমজ-সন্তান জন্মের
(গ) কন্যা সন্তান জন্মের　(ঘ) ইরানের যুদ্ধের

**২১. কাপড়ের তৈরি পুতুলের বৈশিষ্ট্য কোনটি?**
(ক) বাস্তবসম্মত　(খ) জনপ্রিয়
(গ) প্রতীকধর্মী　(ঘ) সাবলীল

**২২. রাজকুমার ও টম কী বদল করেন?**
(ক) বাঁশি　(খ) আংটি
(গ) পোশাক　(ঘ) জুতা

**২৩. অ্যান্টনিওর ঘনিষ্ঠ বন্ধুর নাম কী?**
(ক) বাসানিও　(খ) শাইলক
(গ) টম　(ঘ) পোর্শিয়া

**২৪. 'সাড়ে তিন হাত জমি' গল্পের 'দিন প্রতি' বলতে কী বোঝানো হয়েছে?**
(ক) ফজর হতে মাগরিব
(খ) ২৪ ঘণ্টা
(গ) সূর্যোদয় হতে সূর্যাস্ত
(ঘ) ভোর ৪টা হতে সন্ধ্যা ৬টা

**২৫. 'কোথায় এমন হরিৎ ক্ষেত্র আকাশ তলে মেশে।'— এ পঙ্‌ক্তির সাথে নিচের কোন চরণের মিল আছে?**
(ক) সবুজ হাওয়ায় দুলছে ও কার এলোমাথার কেশ
(খ) খেতের পরে খেত চলেছে খেতের নাহি শেষ
(গ) নিবিড় ছায়ায় আঁধার করা পাতার পারাবার
(ঘ) ফুলের ফলের সুবাস ভরা এ কোন পরির দেশ

**২৬. বীর যোদ্ধা শামের পুত্রের নাম কী?**
(ক) তান　(খ) হাম
(গ) মান　(ঘ) জাল

**২৭. হুমায়ুন আজাদ কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?**
(ক) ১৯৪৬　(খ) ১৯৪৭
(গ) ১৯৪৮　(ঘ) ১৯৪৯

**২৮. রিপভ্যান উইংকল হলো—**
(ক) পরোপকারী মনোভাবের
(খ) আড্ডাবাজ স্বভাবের
(গ) অলস প্রকৃতির
(ঘ) পরনিন্দাকারী

**২৯. 'একুশের গান' প্রথম ছাপা হয় কোন সংকলনে?**
(ক) বাইশে ফেব্রুয়ারি সংকলনে
(খ) একুশে ফেব্রুয়ারি সংকলনে
(গ) স্বাধীনতা সংকলনে
(ঘ) বিজয় দিবস সংকলনে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:**
তোমরা যেখানে সাধ চ'লে যাও— আমি এই বাংলার পরে র'য়ে যাব, দেখিব কাঁঠাল পাতা ঝরিতেছে ভোরের বাতাসে।

**৩০. উদ্দীপকের সাথে নিচের কোন চরণের সাদৃশ্য খুঁজে পাওয়া যায়?**
(ক) হয়তো মানুষ নয়— হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে
(খ) কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়
(গ) সারাদিন কেটে যাবে কলমির গন্ধভরা জলে ভেসে ভেসে
(ঘ) হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে

**৩১. উক্ত সাদৃশ্যের ভিত্তি কী?**
(ক) পুনর্জন্মবাদ　(খ) আধ্যাত্মিক চেতনা
(গ) মননশীলতা　(ঘ) প্রকৃতিপ্রেম

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**
স্কুল থেকে ফেরার সময় পুতুল রাস্তায় একটি মানিব্যাগ পেল। ফিরে গিয়ে, সে সরাসরি প্রধান শিক্ষকের নিকট জমা দিল।

**৩২. উদ্দীপকের বিষয়বস্তু তোমার পঠিত কোন রচনার প্রতি ইঙ্গিত করে?**
(ক) অতিথির স্মৃতি　(খ) পড়ে পাওয়া
(গ) সুখী মানুষ　(ঘ) তৈল চিত্রের ভূত

**৩৩. উক্ত রচনায় প্রকাশ পেয়েছে—**
i. নৈতিকতাবোধ
ii. জীবনপ্রেমের পরিচয়
iii. মানবিকতাবোধ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
আসরাফ সাহেব কঠিন রোগে আক্রান্ত। এক সময় সে ছিল অত্যাচারী ও নিষ্ঠুর। জোর করে গরিবদের ঘরবাড়ি, জমিজমা আত্মসাৎ করত। এভাবে সে বিপুল সম্পদের মালিক বনে। কিন্তু তার মনে কোনো সুখ নেই।

**৩৪. উদ্দীপকটি কোন রচনাকে নির্দেশ করে?**
(ক) সুখী মানুষ　(খ) দুই বিঘা জমি
(গ) নদীর স্বপ্ন　(ঘ) অতিথির স্মৃতি

**৩৫. মোড়লের মতো উদ্দীপকের আসরাফ সাহেব যে প্রকৃতির মানুষ—**
i. অত্যাচারী
ii. দয়ালু
iii. নিষ্ঠুর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i　(খ) ii
(গ) iii　(ঘ) i ও iii

**৩৬. 'আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই'— চরণটিতে কবি কাজী নজরুল ইসলামের কোন দৃষ্টিভঙ্গি প্রকাশ পেয়েছে?**
(ক) সাম্যবাদী মানসিকতা　(খ) অসাম্প্রদায়িক চেতনা
(গ) দায়িত্ববোধ　(ঘ) অধিকার চেতনা

**৩৭. 'প্রার্থী' কবিতায় কবি সূর্যের মত জ্বলন্ত অগ্নিপিণ্ড হতে চেয়েছেন কেন?**
(ক) অধিকার পেতে　(খ) অজস্রতা বুঝতে
(গ) সাহসী হতে　(ঘ) সমব্যথী হতে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:**
ডালিম কুমার রাক্ষসপুরীর তালপুকুরে ডুব দিয়ে কৌটার ভ্রমরাকে মারার মাধ্যমে রাক্ষসদের হত্যা করে কংকাবতীকে উদ্ধার করল।

**৩৮. উদ্দীপকটির সাথে 'রামায়ণ কাহিনীর' কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায়?**
(ক) লক্ষ্মণ　(খ) শত্রুঘ্ন
(গ) রাম　(ঘ) ভরত

**৩৯. পাখোম শেষ পর্যন্ত মৃত্যুর কোলে ঢলে পড়ে কেন?**
(ক) অসুস্থ হওয়ায়　(খ) অধিক পরিশ্রমে
(গ) শয়তানের প্রহারে　(ঘ) অতি লোভে

**৪০. "ব্রাহ্মণ চণ্ডাল, চামার মুচি
এক জলে হয় সবার সুচি।"
এ কবিতাংশে সমার্থক পঙ্‌ক্তি কোনটি?**
(ক) গর্তে গেলে কূপজল কয়
(খ) গঙ্গায় গেলে গঙ্গা জল হয়
(গ) মূলে একজল, সে যে ভিন্ন নয়
(ঘ) জলের আরেক নাম জীবন হয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com